অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/23/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

স্বাস্থ্য বিমার সুবিধায় এইচআইভি-প্রতিরোধকারী ওষুধের ক্ষেত্রে প্রাক-প্রকাশ প্রস্তুতি (PRE-EXPOSURE PROPHYLAXIS, PREP) এর জন্য আওতা সম্প্রসারণ নিশ্চিতকরণ এবং আইনের আওতায় গ্রাহকদের জন্য স্বাস্থ্য সুরক্ষার নিশ্চয়তা বিধান করে নতুন পদক্ষেপের ঘোষণা দিলেন গভর্নর কুওমো

আর্থিক সেবা সংক্রান্ত বিভাগ (Department of Financial Services, DFS) যৌথ পরিশোধ এবং পরিশোধযোগ্য অর্থ (Deductibles)-সহ ব্যয় শেয়ারিং ছাড়াই PrEP সুবিধা প্রদানের জন্য নিউইয়র্কের বিমা সেবা প্রদানকারীদেরকে নির্দেশনা দিয়ে পরিপত্র জারি করেছে, অনেক গ্রাহকের জন্য যা বড় ধরনের আর্থিক প্রতিবন্ধকতা

নিউইয়র্কবাসীদের জন্য অঙ্গরাজ্য-নিয়ন্ত্রিত স্বাস্থ্য পরিকল্পনায় অঙ্গরাজ্যের আইনের আওতায় গ্রাহক সুরক্ষা নিশ্চিত করতে নতুন প্রস্তাবিত প্রবিধানে স্পষ্টভাবে অন্যান্য তথ্যের মধ্যে স্বাস্থ্য বিমা প্রদানকারীদের পরিচয়পত্র, বিমা প্রদানকারীর নাম, বিমার আওতা, যৌথ পরিশোধ সংক্রান্ত তথ্য, এবং সদস্য সেবা সহায়তা উল্লেখ করার আবশ্যকতা রয়েছে।

"নিউইয়র্কবাসী ট্রান্সজেন্ডারদের জন্য স্বাস্থ্য বিমা সুবিধা সম্পর্কিত তথ্য: পরিচর্যা পেতে আপনার কী জানা প্রয়োজন"

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ট্রান্সজেন্ডার কমিউনিটিসহ অঙ্গরাজ্য নিয়ন্ত্রিত স্বাস্থ্য পরিকল্পনার আওতাধীন নিউইয়র্কবাসীদের জন্য নিউইয়র্ক অঙ্গরাজ্যের আইনের আওতায় উল্লেখযোগ্য সুরক্ষা নিশ্চিত করতে এইচআইভি-প্রতিরোধের ওষুধ PrEP এবং বিমা প্রদানকারীদের দেয়া পরিচয়পত্রের জন্য নতুন পদক্ষেপের ঘোষণা দিয়েছেন। এ প্রচেষ্টার অংশ হিসেবে আর্থিক সেবা বিভাগ পরিশোধযোগ্য অর্থ এবং যৌথ পরিশোধসহ ব্যয় শেয়ারিং ছাড়াই এইচআইভি প্রতিরোধের জন্য প্রাক-প্রকাশ প্রস্তুতি সুবিধা প্রদান করতে নিউইয়র্কের বিমা সেবা প্রদানকারীদেরকে নির্দেশনা দিয়ে একটি পরিপত্র জারি করেছে, অনেক গ্রাহকের জন্য যা বড় ধরনের আর্থিক প্রতিবন্ধকতা। এছাড়াও DFS লেসবিয়ান, সমকামী, উভকামী, ট্রান্সজেন্ডার, ট্রান্সসেক্সুয়াল ও কুইয়ার (lesbian, gay, bisexual, transgender, transsexual and queer, LGBTQ) কমিউনিটিসহ অঙ্গরাজ্য নিয়ন্ত্রিত স্বাস্থ্য পরিকল্পনার আওতাধীন নিউইয়র্কবাসীদের প্রয়োজনের সময় বিমা সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য প্রাপ্তি নিশ্চিত করতে স্বাস্থ্য বিমা প্রদানকারীদের দেয়া পরিচয়পত্র সুস্পষ্ট মানের হওয়ার আবশ্যকতাসহ নতুন প্রবিধান প্রস্তাব করেছে।

"এসব কর্মকাণ্ডের মাধ্যমে আমরা প্রমাণিত এইচআইভি-প্রতিরোধী ওষুধ গ্রহণে আগ্রহী ব্যক্তিদের জন্য একটি বড় ধরনের আর্থিক বাধা দূর করছি এবং সহজে মান সম্মত স্বাস্থ্যসেবার জন্য প্রয়জনীয় তথ্য প্রাপ্তি নিশ্চিত করছি", **গভর্নর কুওমো বলেন।** "এসব নীতি 2020 সালের শেষ নাগাদ নিউইয়র্কে এইডস এর মহামারী থামাতে এবং লিঙ্গ পরিচয় নির্বিশেষে সমস্ত নিউইয়র্কবাসীর জন্য আইনের আওতায় স্বাস্থ্যসেবা সুরক্ষা নিশ্চিত করতে দেশকে নেতৃত্বদানকারী প্রচারাভিযানে আমাদের সহায়তা প্রদান করে।"

"LGBTQ অধিকার আন্দোলনের সূতিকাগার হতে পেরে নিউইয়র্কে আমরা গর্বিত, এবং আমাদের কর্মকাণ্ডের মাধ্যমে সে উত্তরাধিকারের প্রতি শ্রদ্ধা প্রদর্শন অব্যাহত রেখেছি", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "লিঙ্গ প্রকাশে বৈষম্যহীনতা আইন (Gender Expression Non-Discrimination Act, GENDA) পাস, রূপান্তর থেরাপির উপর নিষেধাজ্ঞা আরোপ, এবং সমকামী ও ট্রান্সজেন্ডার আতঙ্ক জনিত সুরক্ষা দূর করে আমরা LGBTQ কমিউনিটির অধিকার সুরক্ষার জন্য আমাদের প্রচেষ্টার মাধ্যমে দেশে নেতৃত্ব প্রদান করছি, তবে সবার জন্য সমতা নিশ্চিত করতে আমাদের আরও কাজ বাকি রয়েছে। এসব পদক্ষেপ যৌন ঝোঁক, লিঙ্গ পরিচয় এবং অভিব্যক্তি ভিত্তিক বৈষম্যের মোকাবেলা করবে এবং সবার জন্য সাশ্রয়ী, উচ্চমানের স্বাস্থ্যসেবা নিশ্চিত করবে।"

উপরন্তু, DFS ভবিষ্যত ফেডারেল পদক্ষেপ নির্বিশেষে যৌন ঝোঁক এবং লিঙ্গ পরিচয় বা অভিব্যক্তির বৈষম্যহীনতামূলক সুরক্ষায় অন্তর্ভুক্তি নিশ্চিত করে একটি পরিপত্র জারি করেছে। এ ছাড়াও, DFS নিয়োগকর্তা প্রদত্ত স্বাস্থ্য বিমা, নিউইয়র্ক অঙ্গরাজ্যের হেলথ মার্কেটপ্লেস বা স্বতন্ত্র বাজার থেকে বিমা গ্রহণকারী নিউইয়র্কের ট্রান্সজেন্ডারদেরকে লিঙ্গ-বান্ধব (gender-affirming) সেবা পেতে সহায়তা করার জন্য নতুন গ্রাহক সংশ্লিষ্ট তথ্য সরবরাহ করছে।

আজ জারিকৃত এক পরিপত্রের মাধ্যমে স্বাস্থ্য বিমা প্রদানকারীদের স্মরণ করিয়ে দেয়া হয়েছে যে, ফেডারেল পদক্ষেপ নির্বিশেষে নিউইয়র্ক অঙ্গরাজ্যের আইনে যৌন ঝোঁক, লিঙ্গ পরিচয় বা অভিব্যক্তি, অথবা ট্রান্সজেন্ডার মর্যাদা ভিত্তিক বৈষম্য নিষিদ্ধ। নিউইয়র্কের বিমা আইনে সমস্ত বিমা প্রদানকারীর জন্য লিঙ্গগত বা বৈবাহিক অবস্থার কারণে কোনো আবেদনকারী বা গ্রাহকের সাথে বিমা পলিসি বা চুক্তিতে আসা, বা তা বাতিল করা অথবা চুক্তি নবায়ন করতে অস্বীকৃতি জানানো নিষিদ্ধ করা হয়েছে।। উপরন্তু, আজ জারিকৃত দ্বিতীয় পরিপত্রে বিমা সেবা প্রদানকারীদেরকে প্রস্তুতকারীদের প্রদত্ত কমিশন নির্বিশেষে এইচআইভি প্রতিরোধের জন্য PrEP এর ক্ষেত্রে পরিশোধযোগ্য ব্যয়, কোইন্স্যুরেন্স ও যৌথ পরিশোধসহ সমস্ত ব্যয় শেয়ার করার নির্দেশনা প্রদান করা হয়েছে। নতুন নির্দেশিকা এই চিকিৎসা প্রাপ্তির ক্ষেত্রে বহু লোক সম্মুখীন হয় এমন বড় ধরনের এক আর্থিক বাধা অঙ্গরাজ্যের আইনের আওতায় দূর করে নিউইয়র্কবাসীদেরকে গুরুত্বপূর্ণ সুরক্ষা প্রদান করে।

আজকের নতুন প্রস্তাবিত প্রবিধানের আওতায় LGBTQ কমিউনিটিসহ সমস্ত নিউইয়র্কবাসীর জন্য বিমা সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য নিশ্চিত করতে স্বাস্থ্য বিমা সেবা প্রদানকারীদের দেয়া পরিচয়পত্রের ক্ষেত্রে সুস্পষ্ট মান আবশ্যক। এসব তথ্যে বিমা সেবা প্রদানকারীর নাম, এবং বিমা সুবিধা কোনো বিমা সেবা প্রদানকারী কর্তৃক প্রদান করা হয়েছে কিনা বা বিমা সেবা প্রদানকারী কোনো নিয়োগকর্তা প্রদত্ত, স্ব-অর্থায়নকৃত পরিকল্পনার জন্য কেবল প্রশাসনিক সেবা প্রদান করছে কিনা তা

অন্তর্ভুক্ত রয়েছে। বহু নিউইয়র্কবাসী নিয়োগকর্তা প্রদত্ত স্ব-অর্থায়নকৃত পরিকল্পনার আওতাধীন যা ফেডারেল আইন দ্বারা পরিচালিত এবং নিউইয়র্কের আইনের অনুরূপ স্তরের গ্রাহক সুরক্ষা প্রদান করে না। আজকের নতুন প্রস্তাবিত প্রবিধান অঙ্গরাজ্যের আওতাধীন স্বাস্থ্য পরিকল্পনা দ্বারা নিয়ন্ত্রিত বিমার যথাযথ গ্রাহক সুরক্ষা প্রাপ্তি নিশ্চিত করে।

এ ছাড়াও DFS নিয়োগকর্তা প্রদত্ত স্বাস্থ্য বিমা, নিউইয়র্ক অঙ্গরাজ্যের হেলথ মার্কেটপ্লেস বা স্বতন্ত্র বাজার থেকে বিমা গ্রহণকারী নিউইয়র্কের ট্রান্সজেন্ডারদেরকে লিঙ্গ-বান্ধব সেবা পেতে সহায়তা করার জন্য নতুন গ্রাহক সংশ্লিষ্ট তথ্য সরবরাহ করছে। প্রদত্ত তথ্যের মধ্যে রয়েছে নিউইয়র্কের সুরক্ষা যুক্ত ও সুরক্ষা বহির্ভূত বিমা সুবিধা, লিঙ্গ-বান্ধব চিকিৎসা বিমা সেবা প্রদানকারীদের জন্য প্রত্যাখ্যানের প্রেক্ষিতে আপিল করার উপায়, বিস্ময় উদ্রেককারী বিল থেকে সুরক্ষা, এবং অভিযোগ দায়ের করার প্রক্রিয়া সম্পর্কে তথ্য।

"গভর্নরের সম্পাদ্য কার্যাবলীতে সহায়তা জোরদার এবং নিউইয়র্কের সমস্ত গ্রাহকের পক্ষ থেকে সবার জন্য গুরুত্বপূর্ণ সুরক্ষা প্রদান করে DFS গর্বিত", **আর্থিক সেবা বিভাগের সুপারিনটেনডেন্ট লিন্ডা লেসওয়েল বলেন,** "আমরা আওতা সঙ্কোচনের ফেডারেল প্রচেষ্টা রোধ করতে আমাদের পূর্ণ কর্তৃত্ব ব্যবহার অব্যাহত রাখব এবং যৌন ঝোঁক, লিঙ্গ পরিচয় বা অভিব্যক্তি নির্বিশেষে নিউইয়র্কবাসীদের জন্য বৈষম্য বিহীন যথাযথ স্বাস্থ্যসেবা নিশ্চিত করব।"

স্বাস্থ্য দপ্তরের কমিশনার ডঃ হাওয়ার্ড জুকের বলেছেন, "LGBTQ কমিউনিটির সদস্যদের জন্য অন্যান্য নিউইয়র্কবাসীর মতো একই স্বাস্থ্যসেবা দরকার হলেও প্রায়ই তারা সেবা প্রাপ্তির ক্ষেত্রে অতিরিক্ত বাধার সম্মুখীন হয়। গভর্নর কুওমো'র নির্দেশনায় নিউইয়র্ক অঙ্গরাজ্য কোনো ব্যক্তি'র যৌন ঝোঁক বা লিঙ্গ পরিচয় নির্বিশেষে স্বাস্থ্যসেবার সম-সুযোগ প্রাপ্তি নিশ্চিত করার ক্ষেত্রে অগ্রগতি অর্জন করেছে।"

প্রশাসন জুড়ে LGBTQ অধিকারের ক্ষেত্রে, বিশেষ করে 2011 সালে বিবাহ সমতা আইন পাস করার মাধ্যমে গভর্নর কুওমো চ্যাম্পিয়ন। চলতি বছর আরও আগে গভর্নর লিঙ্গ পরিচিতি বা বহিঃপ্রকাশের ভিত্তিতে কোনো ব্যক্তির প্রতি বৈষম্য প্রদর্শন প্রতিরোধ করে এবং লিঙ্গ পরিচিতি বা বহিঃপ্রকাশের ভিত্তিতে করা অপরাধকে নিউইয়র্ক অঙ্গরাজ্যের আইনের অধীনে ঘৃণাজনিত-অপরাধ হিসেবে চিহ্নিত করে লিঙ্গ পরিচিতির ভিত্তিতে বৈষম্যহীনতা আইনে স্বাক্ষর করেন। এছাড়াও শিক্ষা আইনের অধীনে পেশাদারি অসদাচরণের সংজ্ঞা সম্প্রসারিত করে তাতে আঠার বছরের কম বয়সী কোনো রোগীকে রূপান্তর থেরাপি প্রদান লাইসেন্সধারী পেশাদারদের জন্য অসদাচরণ হিসাবে এর সংজ্ঞা সম্প্রসারিত করতঃ রূপান্তর থেরাপির চর্চা নিষিদ্ধ করেও গভর্নর আইনে স্বাক্ষর করেছেন।

অতি সম্প্রতি, অতি গুরুত্বপূর্ণ সাশ্রয়ী পরিচর্যার আইনের (Affordable Care Act) সংস্থানের সম্ভাব্য রদের আশঙ্কায়, গভর্নর স্বাস্থ্য বিভাগকে (Department of Health) নির্দেশ দেন এমন নিয়ম করতে যেন স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীরা ট্রান্সজেন্ডার রোগীদের প্রতি বৈষম্য প্রদর্শন না করতে পারে এবং আর্থিক সেবা বিভাগকে নির্দেশ দেন এমন নিয়ম করতে যেন স্বাস্থ্যবীমা পাওয়ার ব্যাপারে ট্রান্সজেন্ডার ব্যক্তিদের প্রতি বৈষম্যের বিরুদ্ধে সুরক্ষা বৃদ্ধি করা হয়। লিঙ্গ ভিত্তিক বৈষম্যের বিরুদ্ধে সুরক্ষায় লিঙ্গ পরিচিতিও অন্তর্ভুক্ত, সাশ্রয়ী পরিচর্যা আইনে উল্লিখিত যে নিয়ম

রয়েছে তা রদ করার জন্য ট্রাম্প প্রশাসনের প্রস্তাবনার প্রতি সরাসরি উত্তর হল এসব নির্দেশ। এই সুরক্ষা অপসারণ করা হলে, প্রায় ৭০,৩০০ ট্রান্সজেন্ডার নিউইয়র্কবাসী অন্যায্য, অমার্জিত এবং অবৈধ বৈষম্যের শিকার হবেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন